দৈনিক ইত্তেফাক

DEC. 08 2001

তারিখ ... পৃষ্ঠা ৭ ... কলাম ... ৩ ...

# ছাত্রদল ঃ কমিটি গঠন ও গঠনতন্ত্র প্রণয়ন নিয়ে অনিশ্চয়তা

সাহাবুল হক ॥ জাতীয় সংসদে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছাত্র রাজনীতি বন্ধ সম্পর্কে বক্তব্য দেয়ার কারণে ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটি গঠনের প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত করা হলেও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যত্র এর তেমন কোন প্রভাব পড়েনি। তবে ডিসেম্বরের মধ্যে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি গঠন না হলে আগামী ৮/১০ মাসেও তা হবে কিনা সে সম্পর্কে সন্দেহ রয়েছে। অন্যদিকে, ছাত্রদলের কোন গঠনতন্ত্র না থাকায় নতুন করে তা প্রণয়ন করারও চিন্তা-ভাবনা চলছে। কমিটি গঠন আগে হবে, না গঠনতন্ত্র প্রণয়ন আগে হবে এ ব্যাপারে নিশ্চিত করে কেউ কিছু বলতে পারছে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন জায়গায় ছাত্রদল নেতা-কর্মীর বিরুদ্ধে উপর্যুপরি সন্ত্রাসসহ বিভিন্ন অপকর্মের অভিযোগের ফলে গত ১৭ নভেম্বর সংগঠনের নাসিরউদ্দীন আহম্মেদ পিন্টু এবং শাহাবুদ্দীন লাল্টুর নেতৃত্বাধীন কমিটির কার্যক্রম বিএনপি চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্থগিত করে দেন। দেড় বছরের ব্যবধানে দ্বিতীয়বারের মত ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি স্থগিত হওয়ার পর পরই নতুন কমিটিতে স্থান পাওয়ার জন্য সংগঠনের নেতা-কর্মীরা শুরু করে দেয় লবিং-গ্রুপিং। অনেকে ক্যাম্পাসে নিয়মিত মহড়া শুরু করে দেয়। ধরনা দিতে থাকে মন্ত্রী পাড়ায়। শিগগিরই নতুন কমিটি হচ্ছে এ খবর রটে যায় সকলের মুখে মুখে। এরই মধ্যে গত রোববার প্রধানমন্ত্রী জাতীয় সংসদে ছাত্র রাজনীতি বন্ধের পক্ষে কথা বললে ছাত্রদল নেতা-কর্মীরা হতাশ হয়ে পড়ে। কমিটিতে স্থান পাওয়ার জন্য দৌড়-ঝাপও বন্ধ হয়ে যায় নেতা-কর্মীদের। ছাত্রদলসহ বিভিন্ন সংগঠনের নেতা-কর্মীরা প্রধানমন্ত্রীর এই ঘোষণার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। কমিটি স্থগিত হলেও প্রতিদিনই ছাত্রদল নেতা-কর্মীরা নিজ নিজ গ্রুপকে নিয়ে মহড়ায় অংশ নেয় কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে। এমনকি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের বৈঠকেও কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত হন। ছাত্রদলের স্থগিত কমিটির সভাপতি নাসিরউদ্দীন আহম্মেদ পিন্টু বর্তমানে ওমরা হজ্ব পালনের জন্য সৌদী আরবে রয়েছেন। সাধারণ সম্পাদক শাহাবুদ্দীন লাল্টু গুরুতর অসুস্থ অবস্থায় সিঙ্গাপুরে রয়েছেন।

আগামী ১লা জানুয়ারী ছাত্রদলের প্রতিষ্ঠা বার্ষিকী। প্রতিষ্ঠা বার্ষিকীর আগেই নতুন কমিটি দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী কর্মসূচী পালনের জন্য একটি গ্রুপ বিএনপির হাইকমান্ডকে চাপ দিচ্ছে। প্রতিষ্ঠার পর পরই ছাত্রদলের গঠনতন্ত্র তৈরী করার জন্য ৫ বার উদ্যোগ নিলেও তা সফল হয়নি। নতুন গঠনতন্ত্র তৈরী করা হবে বলে জানা গেছে। বিএনপি নেতৃবৃন্দের অনেকে চায় আগে গঠনতন্ত্র হোক পরে গঠনতন্ত্র অনুযায়ী ছাত্রদলের কমিটি হবে। আবার অনেকে কমিটি করার পর তাদেরকে দিয়ে গঠনতন্ত্র করানোর পক্ষপাতি।